



“শিক্ষা নিয়ে গড়ব দেশ
সেখ হাসিনার বাংলাদেশ”

প্রতিদিন একবার হলেও
আপনার প্রতিষ্ঠানের
ই-মেইল ওপেন করুন।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
Website : www.bteb.gov.bd

প্রতিদিন একবার হলেও বাকাশিবো এর
ওয়েবসাইট (www.bteb.gov.bd)
ভিজিট করুন।

স্মারক নং- ৩৭.১৭.০০০০.৩০১.৩১.০০৫.১৭.৩৬

তারিখ : ১৬-০৫-২০১৭খ্রিঃ

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত ৪ বছর মেয়াদি ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি শিক্ষাক্রমের ২০১৩ প্রবিধানভুক্ত পরীক্ষার্থীদের ২য়, ৪র্থ, ৬ষ্ঠ, ৭ম পর্ব নিয়মিত ও ৬ষ্ঠ পর্ব অকৃতকার্য বিষয়ের পরীক্ষা-২০১৭ বোর্ড নির্ধারিত কেন্দ্রে আগামী ২৩ জুলাই ২০১৭ খ্রিঃ রোজ রবিবার হতে অনুষ্ঠিত হবে।

পরীক্ষার বিস্তারিত সময়সূচি ও কেন্দ্র তালিকা যথাসময়ে জানানো হবে। উক্ত পরীক্ষার প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে অবহিত হওয়া যাবে এবং কারিগরি শিক্ষা বোর্ডের নিজস্ব ওয়েবসাইটেও (www.bteb.gov.bd) দেখা যাবে।

স্বাক্ষরিত/-
(প্রকৌশলী সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোন : ০২-৯১১৩২৮৩

ডিপ্লোমা ইন মেডিক্যাল টেকনোলজি শিক্ষাক্রমের অত্র বোর্ডের অনুমোদিত প্রবিধান-২০১৩ এবং বাকাশিবো/ক(স্বঃপ্রঃ)/২০১৫/১১৮/১, তারিখঃ ২৯-১১-২০১৫ স্মারক মূলে এর সংশোধনী মোতাবেক উক্ত কোর্সের আচরণভিত্তিক সিলেবাসে বর্ণিত সংশ্লিষ্ট বিষয়ের মান বন্টন অনুযায়ী ২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৭ম পর্ব প্রবিধান-২০১৩ মোতাবেক সমাপনী পরীক্ষা গ্রহণ করা হবে। পরীক্ষার্থীদের ফরম ফিলাপ, পরীক্ষার ফি আদায় এবং বোর্ড ফি প্রেরণের নিয়মাবলী নিম্নে প্রদত্ত হল।

১। পরীক্ষার ফরম পূরণের নিয়মাবলী :

- সকল পর্বের ফরম পূরণ Online এ সম্পন্ন করতে হবে।
- নির্ধারিত অনুচ্ছেদ ৩.৯ এ বর্ণিত তারিখ অনুযায়ী অত্র বোর্ডের Website (www.bteb.gov.bd) এর মাধ্যমে Online এ ফরমপূরণের কাজ সম্পাদন করতে হবে। ফরম পূরণের Final প্রিন্ট-আউট কপি এবং ডিডি জমা দেয়ার সময় পরীক্ষার্থীদের একটি পূর্ণাঙ্গ তালিকা অনুচ্ছেদ ৩.৮ -এ বর্ণিত ছক অনুযায়ী অবশ্যই প্রদান করতে হবে। Online হতে সংগ্রহকৃত চূড়ান্ত প্রিন্ট-আউট (Final List) ফটোকপি অবশ্যই নিজ নিজ প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। কারণ পরবর্তীতে উক্ত পরীক্ষার্থীদের ফরম ফিলাপ সংক্রান্ত যে কোন সমস্যায় প্রিন্ট-আউট কপির ফটোকপিসহ অত্র বোর্ডে আবেদন করতে হবে। (উল্লেখ্য, যে সকল শিক্ষার্থী ফরমফিলাপ করবেনা তাদের নাম চূড়ান্ত প্রিন্ট আউট (Final List) তালিকায় থাকবে না। অর্থাৎ চূড়ান্ত প্রিন্ট আউট তালিকায় যাদের নাম থাকবে তারাই ফরম ফিলাপ করেছে বলে গণ্য হবে)।
- প্রবিধান ২০১৩ এর সংশোধনী স্মারক নং- বাকাশিবো/ক(স্বঃপ্রঃ)/২০১৫/১১৮/১, তারিখঃ ২৯-১১-২০১৫ অনুসারে ২য় (২০১৩-১৪ ও ২০১৪-১৫ সেশনে ভর্তিকৃত) পর্বের পরীক্ষার্থীদের পরীক্ষা লিখোবিহীন উত্তরপত্রে গ্রহণ করতে হবে। তবে ২০১৩-১৪ ও ২০১৪-১৫ সেশনে ভর্তিকৃত কোন পরীক্ষার্থীর (৬ষ্ঠ ও ৭ম পর্বে অধ্যয়নরত) ২য় ও ৪র্থ পর্বে কোন অকৃতকার্য বিষয় থাকলে তারা সে বিষয়/বিষয়সমূহের পরীক্ষা লিখুযুক্ত উত্তরপত্রে বোর্ড মূল্যায়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে। এছাড়াও ২০১৩-১৪ ও ২০১৪-১৫ সেশনে ভর্তিকৃত কোন পরীক্ষার্থী ২য় পর্বে অনুত্তীর্ণ থাকলে উক্ত পরীক্ষার্থী বা উক্ত সংশোধনী মোতাবেক প্রতিষ্ঠান মূল্যায়ন পরীক্ষার্থী হিসেবে লিখোবিহীন উত্তরপত্রে পরীক্ষায় অংশগ্রহণ করবে।

২। ফি সমূহের হার :

ক. ২য় পর্ব নিয়মিত (২০১৩ প্রবিধান ২০১৫-১৬ সেশনের পরীক্ষার্থীদের) :

০১	পরীক্ষার ফি (বোর্ড পাবে)	২২৫.০০
০২	কেন্দ্র ফি	৪৫০.০০
০৩	নম্বরপত্র ফি	৫০.০০
০৪	ব্যবহারিক পরীক্ষার ফি	ব্যবহারিক বিষয়ের সংখ্যা X ২৫.০০

খ. ২য় পর্ব অনিয়মিত (২০১৩-১৪ ও ২০১৪-১৫ সেশনের) যাদের চার বা ততোধিক বিষয়ে অকৃতকার্য ছিল (২০১৩ প্রবিধান) :-

০১	পরীক্ষার ফি	৪০০.০০
০২	কেন্দ্র ফি	৪৫০.০০
০৩	নম্বরপত্র ফি	৭৫.০০
০৪	ব্যবহারিক পরীক্ষার ফি	ব্যবহারিক বিষয়ের সংখ্যা X ২৫.০০

(Handwritten signature)

